

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮৬

১/ বিবিধ

আরবী

إذا خلع أحدكم نعليه في الصلاة، فلا يجعلهما بين يديه فيأتم بهما، ولا من خلفه، فيأتم بهما أخوه المسلم ولكن ليجعلهما بين رجليه
ضعيف جدا

أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 195) من طريق أبي سعيد الشقري عن زياد الجصاص عن عبد الرحمن بن أبي بكرة عن أبيه عن النبي صلى الله عليه وسلم وقال: " لا يروى عن أبي بكرة إلا بهذا الإسناد قلت: وهو ضعيف جدا، فإن زيادا هذا وهو ابن أبي زياد الجصاص قال الذهبي في " الميزان ": " قال ابن معين وابن المديني: ليس بشيء، وقال أبو زرعة: واه، وقال النسائي والدارقطني: متروك، وأما ابن حبان فقال في " الثقات ": ربما يهم، قلت بل هو مجمع على ضعفه قلت: والراوي عنه أبو سعيد الشقري واسمه المسيب بن شريك مثله في الضعف أو أشد، فقد قال فيه أحمد: " ترك الناس حديثه ". وضعفه البخاري جدا فقال: " سكتوا عنه ". وقال مسلم وجماعة: " متروك وقال الفلاس: " متروك الحديث، قد أجمع أهل العلم على ترك حديثه ". وقال الساجي: " متروك الحديث، يحدث بمناكير ". والحديث أورده الهيثمي في " المجمع " (2 / 55) بلفظ: " إذا صلى أحدكم فخلع نعليه، فلا يخلعهما عن يمينه فيأتم، ولا من خلفه فيأتم بهما صاحبه، ولكن ليخلعهما بين ركبتيه ". وقال: " رواه الطبراني في الكبير، وفيه

زياد الجصاص ضعفه ابن معين وابن المديني وغيرهما، وذكره ابن حبان في "الثقات". "كذا قال، وقد عرفت مما سبق أن ابن حبان قد خالف في هذا التوثيق إجماع الأئمة الذين ضعفوه، فلا يعتد بتوثيقه والحديث قد روي من طريق أخرى وهو: "إذا صليت فصل في نعليك، فإن لم تفعل فضعهما تحت قدميك، ولا تضعهما عن يمينك، ولا عن يسارك فتؤذي الملائكة والناس، وإذا وضعتهما بين يديك كأنما بين يديك قبلة

বাংলা

৯৮৬। সালাতের মধ্যে তোমাদের কেউ যখন তার জুতা দুটি খুলে নিবে, তখন সে দুটিকে তার সামনে রাখবে না। কারণ তাতে সে নিজে সে দুটির অনুসরণ করে বসবে। তার পিছনেও রাখবে না। কারণ তাতে তার মুসলিম ভাই সে দুটির অনুসরণ করবে। বরং জুতা দুটি তার দু' পায়ের মাঝে রাখবে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবরানী "আল-মুজামুস সাগীর" (পৃঃ ১৯৫) গ্রন্থে আবু সাঈদ আশ-শাকরী সূত্রে যিয়াদ আল-জাসসাস হতে তিনি আব্দুর রহমান ইবনু আবী বাকরা হতে তিনি তার পিতা হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তাবরানী বলেনঃ হাদীছটি আবু বাকরা হতে একমাত্র এ সনদেই বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সনদটি খুবই দুর্বল। কারণ যিয়াদ হছেন ইবনু আবী যিয়াদ আল-জাসসাস। যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার সম্পর্কে বলেনঃ ইবনু মাঈন ও ইবনুল মাদীনী বলেনঃ তিনি কিছুই না। আবু যুর'আহ বলেনঃ তিনি দুর্বল। নাসাঈ ও দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ কখনও কখনও তিনি সন্দেহ করতেন। আমি (যাহাবী) বলছিঃ বরং তার দুর্বল হওয়ার বিষয়ে সকলে একমত।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী আবু সাঈদ আশ-শাকরী হছেন আল-মুসাইয়্যাব ইবনু শুরায়িক। তিনিও তার ন্যায় কিংবা আরো বেশী দুর্বল। ইমাম আহমাদ তার সম্পর্কে বলেছেনঃ লোকেরা তার হাদীছকে পরিত্যাগ করেছেন। বুখারী তাকে খুবই দুর্বল আখ্যা দিয়ে বলেছেনঃ মুহাদ্দিছগণ তার ব্যাপারে চুপ থেকেছেন। মুসলিম ও একদল বলেনঃ তিনি মাতরুক।

আল-ফাল্লাস বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ। জ্বনীজনরা তার হাদীছ পরিত্যাগ করার ব্যাপারে ইজমা করেছেন।

আস-সাজী বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ। মুনকার হাদীছ বর্ণনাকারী।

হায়ছামী হাদীছটি "আল-মাজমা" (২/৫৫) গ্রন্থে অন্য ভাষায় বর্ণনা করেছেন। কিন্তু তাতেও যিয়াদ আল-জাসসাস

রয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71865>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন